# Respected Teachers, Guardians and Students

সেন্ট প্লাসিডস্ স্কুল ও কলেজের পক্ষ থেকে পবিত্র ঈদ-ঈদ-আযহার শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি। আশা করি প্রত্যেকেই সুন্দর ভাবে পবিত্র ঈদ-উল-আযহা উদ্‌যাপন করেছেন। আশা ও প্রার্থনা করি প্রাকৃতিক দুর্যোগের সময়েও আপনারা সবাই সুস্থ্য ও ভালো আছেন। ইতোমধ্যে প্রাতিষ্ঠানিক ভাবে নতুন আঙ্গিকে অনলাইন ক্লাশের আয়োজন করেছি আর তা হচ্ছে **"গুগল ক্লাশ রুম ও গুগল মিট"**। নতুন অনলাইন ক্লাশ হবে অনেকটা সরাসরি ক্লাশরুমের মতোই। আশা করি শিক্ষকমণ্ডলী ও শিক্ষার্থীবৃন্দ এতে আন্তরিক ভাবে সহযোগিতা ও আনন্দ উপভোগ করবেন।

সকলের সুবিধার্থে ক্লাসের রুটিন তৈরী করা হয়েছে। আমাদের পরবর্তী ক্লাশ শুরু হবে আগামী ০৯/০৮/২০২০ রোজ রবিবার সকাল ৯:০০ থেকে দুপুর ১২:১০ পর্যন্ত।

**শ্রী শ্রী জন্মাষ্টমি উপলক্ষে আগামী ১১/০৮/২০২০ রোজ মঙ্গলবার কোন অনলাইন ক্লাশ হবে না।**

**১ম থেকে ১২শ শ্রেণির শিক্ষার্থীবৃন্দ তোমাদের মোবাইল নাম্বারে একটি এস এম এস পাঠানো হবে শুধুমাত্র তোমাদের দিকনির্দেশনা দেওয়ার উদ্দেশ্যে। এ বিষয়টি অত্যন্ত জরুরী ভাবে বিবেচনা করতে হবে।**

আশা করছি শিক্ষার্থীবৃন্দ তোমরা এতে অবশ্যই অংশ গ্রহণ করবে। আমাদের প্রতিষ্ঠানের ***" গুগল ক্লাশ রুম" ও "গুগল মিট" এর মাধ্যমে*** সরাসরি রুটিন মাফিক ক্লাস দেয়া হবে।

উক্ত রুটিন শুধুমাত্র আগষ্ট ০৯-১৩/০৮/২০২০ এক সপ্তাহের জন্য দেয়া হয়েছে। ক্লাসে সবাইকে সক্রিয়ভাবে অংশগ্রহন করার জন্য অনুরোধ করছি।

সার্বিক সহযোগিতার জন্য আন্তরিক ধন্যবাদ।

## শিক্ষকমণ্ডলীর জন্য বিশেষ ঘোষণা

এতদ্বারা সকল শিক্ষকমণ্ডলীদের জানানো যাচ্ছে যে, আগামী ০৯/০৮/২০২০ তারিখ রোজ রবিবার থেকে অত্র প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের উদ্দেশ্যে গুগল ক্লাশরুম অনলাইন ক্লাশের রুটিন দেয়া হয়েছে। উক্ত রুটিন শুধুমাত্র এক সপ্তাহের জন্য দেয়া হয়েছে। যে সকল শিক্ষকগণ প্রথম সপ্তাহে ক্লাশ পাননি পরবর্তীতে তাদেরকে প্রয়োজন অনুসারে দেয়া হবে। শিক্ষক এবং শিক্ষার্থীদের সার্বিক দিক বিবেচনা করে প্রতিটি ক্লাশ শুধু মাত্র ৪০ মিনিটের জন্য রাখা রয়েছে। শিক্ষকগণ শিক্ষার্থীদের ক্লাশ দিবেন এবং একই সাথে শিক্ষার্থীদের প্রশ্ন করা ও উত্তর দানের শিক্ষার্থীদের সহযোগিতা করবেন। যে কোন শিক্ষা সংক্রান্ত বিষয়ে যে কোন শিক্ষার্থী প্রয়োজনবোধে যে কোন শিক্ষককে ফোন করে সংশোধনী সংযোগ করিয়ে নিতে পারবে সে ব্যাপারে শিক্ষকগণ সক্রিয় সজাগ থাকবেন।

Br. Prozanto

অধ্যক্ষ